

ফাতওয়া নম্বর: ৩৮০

প্রকাশকাল: ২৮-০৬-২০২৩ ইং

পিতার নামে দলীলকৃত জমিতে কি সকল ওয়ারিস অংশীদার হবে?

প্রশ্ন:

আববার ইস্তিকালের পূর্বে আমার ভাইরা নিজেরা কিছু সম্পদ কিনে তা আববার নামে দলীল করেন। এখন আববার ইস্তিকালের পর ভাইদের ওই সম্পদে কি সকল ওয়ারিস অংশীদার হবে? নাকি ওই সম্পদটা কেবল ভাইরাই পাবে?

নাম- মুহাম্মাদ রাকিব

উত্তর:

যদি ছেলেদের জমি কিনে বাবার নামে রেজিস্ট্রেশন করার উদ্দেশ্য হয় বাবাকে মালিক বানিয়ে দেওয়া এবং বাবাকে জমির দখল ও কাগজপত্র বুঝিয়ে দেওয়া হয়, তাহলে বাবা জীবদ্দশায় উক্ত জমির মালিক হয়ে গেছেন। সুতরাং এখন তা বাবার পরিত্যক্ত সম্পদ হিসেবে শরীয়তের মীরাস নীতি অনুযায়ী সকল ওয়ারিসের মাঝে বণ্টন করতে হবে। যে ভাইরা টাকা দিয়ে জমি ক্রয় করেছেন, তারা বাবাকে জমি হেবা করার সাওয়াব পাবেন ইনশাআল্লাহ।

পক্ষান্তরে বাবাকে মালিক বানানোর উদ্দেশ্যে যদি তার নামে রেজিস্ট্রেশন করা হয়, কিন্তু জমির দখল তাকে বুঝিয়ে দেওয়া না হয়, তাহলে বাবা উক্ত জমির মালিক হবেন না; মালিক হবেন তিনি, যিনি টাকা দিয়ে জমিটি ক্রয় করেছেন। বাবার অন্য ওয়ারিসরা এতে অংশীদার হবে না। -মুয়াত্তা মালিক: ২/৭৫২-৭৫৩ (দারু ইহইয়াউত তুরাসিল আরাবী) আল-মুসান্নাফ, ইবনু আবী শাইবা: ১০/৫২০-৫২১ হাদীস নং: ২০৪৯৫, ২০৪৯৬, ২০৪৯৭; ২০৫০২ (দারুল কিবলাহ)

আল-মাবসুত, ইমাম সারাখসী: ১২/৪৯, ৫২ (দারুল মা' রেফা);

আদুররুল মুখতার: ৫/৬৮৮ (দারুল ফিকর)

একইভাবে বাবার নামে জমি রেজিস্ট্রেশনের উদ্দেশ্য যদি বাবাকে জমির মালিক বানানো না হয়; বরং অন্য কোনো সুবিধার জন্য বাবার নামে রেজিস্ট্রেশন করা হয় এবং বাবা শুধু ছেলেদের প্রতিনিধিত্ব করেন, সে ক্ষেত্রেও উক্ত জমির মালিক তিনিই হবেন যিনি টাকা দিয়ে জমিটি ক্রয় করেছেন। বাবার অন্য ওয়ারিসরা এতে অংশীদার হবে না। -আদুররুল

মুখতার: ৫/২৭৩ (দারুল ফিকর); ইমদাদুল ফাতাওয়া (জাদীদ):

৬/৩১৮-৩১৯; ফিকহুল বুয়ু: ১/৪০২-৪০৫ (মাকতাবাতু

মাআরিফিল কুরআন, করাচি) কিফায়াতুল মুফতী: ৮/১৬৬ (দারুল

ইশাআত, করাচি) দারুল ইফতা, দারুল উলুম, দেওবন্দ, ফাতওয়া নং:

৬০০৩২২; দারুল ইফতা, জামিয়া ইসলামিয়াহ বিম্বুরী টাউন, করাচি,

ফাতওয়া নং: ১৪৪১০৪২০০১১২

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)



২২-০৭-১৪৪৪ হি.

১৪-০২-২০২৩ ইং